



# সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBAN BIMA TOWER (14,15,16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH


সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/৪১৪

তারিখঃ ১০/০৭/২০১২ইং

## প্রেস বিজ্ঞপ্তি

৪৩৮ তম কমিশন সভা অদ্য ১০/০৭/২০১২ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. Summit Purbanchol Power Company Limited এর আবেদনের প্রেক্ষিতে তাঁদের প্রাথমিক গণ প্রস্তাবে (IPO) এর চাঁদা গ্রহণের তারিখ আপাতত স্থগিত করা হয়েছে। নতুন চাঁদা গ্রহণের সময় পরবর্তীতে অবহিত করা হবে।
২. পুঁজিবাজারের স্থিতিশীলতা আনয়ন, ক্ষুদ্র বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষার্থে সরকার কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এর অন্তর্ভুক্ত ২০৯ (দুইশত নয়) টি স্টক ব্রোকার ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ এর অন্তর্ভুক্ত ৭৯ (উনআশি) টি স্টক ব্রোকার কর্তৃক প্রেরিত ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের চূড়ান্ত তালিকা অনুযায়ী অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নির্দেশনা অনুযায়ী সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করতঃ এতদসংক্রান্ত একটি পরিপালন প্রতিবেদন আগামী ১৪/০৮/২০১২ইং তারিখের মধ্যে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ -এ দাখিল করার জন্য The Securities and Exchange Ordinance, 1969 এর 20A এ প্রদত্ত ক্ষমতা বলে (ক) ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ এর আওতাধীন সংশ্লিষ্ট সকল স্টক-ব্রোকার কে এবং (খ) উক্ত পরিপালন নিশ্চিত করতঃ এ সংক্রান্ত একটি সমন্বিত প্রতিবেদন আগামী ৩০/০৮/২০১২ইং এর মধ্যে কমিশনে দাখিল করার জন্য ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ কে নির্দেশ প্রদান করার বিষয় সভায় অনুমোদিত হয়।
৩. এছাড়াও ২৮ (আটাশ) টি মার্চেন্ট ব্যাংক কর্তৃক প্রেরিত ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের চূড়ান্ত তালিকা অনুযায়ী অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নির্দেশনা অনুযায়ী সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করতঃ এতদসংক্রান্ত একটি পরিপালন প্রতিবেদন আগামী ১৪/০৮/২০১২ইং তারিখের মধ্যে দাখিল করার জন্য সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর বিধি ৩৬ তফসিলে ক্রমিক নং ১৪ এ প্রদত্ত ক্ষমতা বলে সংশ্লিষ্ট সকল মার্চেন্ট ব্যাংককে নির্দেশ প্রদান করা হয় এবং উক্ত পরিপালন নিশ্চিত করতঃ এ সংক্রান্ত একটি সমন্বিত প্রতিবেদন আগামী ৩০/০৮/২০১২ইং এর মধ্যে কমিশনে দাখিল করার জন্য মার্চেন্ট ব্যাংকার্স এসোসিয়েশনকে নির্দেশ প্রদান করার বিষয়ও সভায় অনুমোদিত হয়।
৪. সভায় জুলাই ২০১২ থেকে জুন ২০১৪ পর্যন্ত চাঁদা গ্রহণকারী কোম্পানীর প্রাথমিক গণ প্রস্তাব (IPO) —এ ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের ২০% কোটা সংরক্ষণের বিষয়টি বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট বিভাগ/কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

  
মোঃ সাইফুর রহমান  
নির্বাহী পরিচালক ও মুখপাত্র